183

ভোরের কাগজ

তারিখ 08 FEB 1998
পৃষ্ঠা ৮ কলাম ৫

# কলেজ সংসদের টাকার ভাগাভাগি নিয়ে রক্তারক্তি ৩ ছাত্রলীগ নেতা হতাহত

কুমিল্লা প্রতিনিধি : দাউদকান্দির হাসানপুর শহীদ নজরুল সরকারি ডিগ্রি কলেজ-এর ছাত্রসংসদের নেতাদের মধ্যে অভিষেক অনুষ্ঠানের টাকা নিয়ে গোলযোগে সংসদের সহসাধারণ সম্পাদক নিহত ও সাধারণ সম্পাদকসহ ২ জন আহত হয়েছে। হতাহতরা সকলেই ছাত্রলীগ কর্মী।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, অভিষেক অনুষ্ঠানের জন্য বরাদ্দ টাকা কিভাবে খরচ হবে এ নিয়ে ছাত্র সংসদের নেতাদের মধ্যে গত ১৫ দিন ধরেই বিরোধ চলছিল। গতকাল শনিবার দুপুরে কলেজের মাঠে কথা কাটাকাটির এক পর্যায়ে এজিএস বাবুল মিয়া শরীফ নামে অপর এক ছাত্রকে ঘুসি মারে। শরীফও পাল্টাপাল্টি তার হাতেধরা বোমাসহ বাবুলকে ঘুসি মারলে, বোমাটি বিস্ফোরিত হয় এবং শরীফ নিজে, বাবুল ও জিএস বশির আহত হয়। আহত বাবুল হাসপাতালে মারা যায়। গুরুতর আহত শরীফকে ঢাকায় পঙ্গু হাসপাতালে পাঠানো হয়েছে। গতকাল সন্ধ্যা পর্যন্ত এ ঘটনায় কোনো মামলা হয়নি।

ঘটনার সময় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ২ ঘন্টা যান চলাচল বন্ধ থাকে।